

নাম প্রত্যাহারের চিঠি

প্রিয় পিতামাতা/অভিভাবক ও শিক্ষার্থী:

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) ১১শ ও ১২শ গ্রেডের শিক্ষার্থীদের নাম, ঠিকানা এবং ফোন নম্বর ফেডারেল আইন অনুযায়ী অনুরোধকারী সামরিক নিয়োগদাতা এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কাছে জানাতে বাধ্য, যদি না পিতামাতা বা সন্তান *লিখিতভাবে* তাদের সম্পর্কিত এসব তথ্য প্রকাশে অসম্মতি জ্ঞাপন করে নাম প্রত্যাহারের অনুরোধ জানান।

আমাদের শিক্ষার্থীদের তথ্যের গোপনীয়তা সংরক্ষিত করায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ হলেও বাধ্যতামূলকভাবে আমাদেরকে আইন প্রতিপালন করতে হয়। যেসব পিতামাতা/অভিভাবক এবং শিক্ষার্থীরা চান যে তাদের যোগাযোগের তথ্য সামরিক নিয়োগদাতা এবং/অথবা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কাছে না দেয়া হোক, তাদেরকে *অবশ্যই* সংযুক্ত ফরমটি পূরণ করতে ও স্কুলের গাইডেন্স কাউন্সিলরের কাছে *অক্টোবর মাসের দ্বিতীয় শুক্রবারের মধ্যে* ফেরত দিতে হবে। শিক্ষার্থী কিংবা পিতামাতা/অভিভাবক সংযুক্ত নাম প্রত্যাহারের ফরমটি পূরণ করে না দিলে আমরা সকল ১১শ ও ১২শ গ্রেডের শিক্ষার্থীদের যোগাযোগের তথ্য সামরিক নিয়োগদাতা এবং/অথবা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানকে জানাতে বাধ্য।

অনুগ্রহ করে জেনে রাখবেন যে আপনি আপনার মতামত যে কোন সময় বদলাতে পারবেন। আপনি যদি ফরমটি এখন জমা না দেন, *যে কোন সময়* তা জমা দিয়ে আপনি নাম প্রত্যাহার করতে পারবেন। অনুগ্রহ করে পরবর্তীতে সিদ্ধান্ত পরিবর্তন করলে আপনি প্রিন্সিপ্যালের কাছে লিখিত দিয়ে জানিয়ে দেবেন।

আরও তথ্য কিংবা সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান দেখুন বা সন্তানের স্কুলের মিলিটারি রিক্রুটমেন্ট লিয়াজেঁ-এর সাথে যোগাযোগ করুন।

আপনাকে ধন্যবাদ।

বিশ্বস্ততার সাথে,

নাম প্রত্যাহার সংক্রান্ত পিতামাতার বিজ্ঞপ্তি

প্রিয় পিতামাতা বা অভিভাবক:

এই ফরম অনুরোধকারী সামরিক নিয়োগদাতা এবং/অথবা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কাছে আপনার সন্তানের তথ্য- নাম, ঠিকানা এবং ফোন নম্বর প্রকাশ করা থেকে অব্যাহতি দেবে।

আপনি যদি এসব তথ্য প্রকাশে সম্মতি না দেন, আপনাকে অবশ্যই সংযুক্ত ফরমটি পূরণ করতে এবং তা সন্তানের গাইডেন্স কাউন্সিলরের কাছে অক্টোবর মাসের দ্বিতীয় শুক্রবারের মধ্যে ফেরত দিতে হবে। উক্ত তারিখের মধ্যে যদি আপনি তা জমা না দেন এবং আপনার সন্তান যদি ১১শ বা ১২শ গ্রেডের শিক্ষার্থী হয়, তাহলে অনুরোধসাপেক্ষে আপনার সন্তানের তথ্য প্রকাশ করব। তা সত্ত্বেও অনুগ্রহ করে জেনে রাখবেন, আপনি যদি বর্তমানে ফরমটি জমা না দেয়ার সিদ্ধান্ত নিয়ে থাকেন, আপনার সন্তান স্কুলে পড়াকালে যেকোন সময় তা জমা দিয়ে নাম না প্রকাশের অনুরোধ জানালে অনুরোধ বিবেচনা করা হবে।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

বিশ্বস্ততার সাথে,

নাম প্রত্যাহার সংক্রান্ত পিতামাতার ফরম

অনুগ্রহ করে অনুরোধকারী সামরিক নিয়োগদাতা এবং/অথবা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কাছে আপনার সন্তানের তথ্য- নাম, ঠিকানা এবং ফোন নম্বর প্রকাশের সম্মতি না দিলে নিচের অংশটি পূরণ করুন।

শিক্ষার্থীর শেষ নাম: \_\_\_\_\_

শিক্ষার্থীর প্রথম নাম: \_\_\_\_\_

শিক্ষার্থীর দাপ্তরিক ক্লাস: \_\_\_\_\_

স্কুলের নাম: \_\_\_\_\_

আমার সন্তানের নাম, ঠিকানা এবং ফোন নম্বর চিহ্নিত প্রতিষ্ঠানের কাছে না পাঠানর অনুরোধ জানাচ্ছি: (অনুগ্রহ করে প্রযোজ্য ঘরটিকে চিহ্নিত করুন)

\_\_\_\_\_ সামরিক নিয়োগদাতা  
\_\_\_\_\_ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান  
\_\_\_\_\_ সামরিক নিয়োগদাতা ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠান উভয়টি

পিতামাতা/অভিভাবক: \_\_\_\_\_

স্বাক্ষরের নাম

স্বাক্ষর

তারিখ

নাম প্রত্যাহার সংক্রান্ত শিক্ষার্থীর বিজ্ঞপ্তি

প্রিয় শিক্ষার্থী:

এই ফরম অনুরোধকারী সামরিক নিয়োগদাতা এবং/অথবা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কাছে আপনার তথ্য- নাম, ঠিকানা এবং ফোন নম্বর প্রকাশ করা থেকে অব্যাহতি দেবে।

আপনি যদি এসব তথ্য প্রকাশে সম্মতি না দেন, আপনাকে অবশ্যই সংযুক্ত ফরমটি পূরণ করতে এবং তা আপনার গাইডেন্স কাউন্সিলরের কাছে অক্টোবর মাসের দ্বিতীয় শুক্রবারের মধ্যে ফেরত দিতে হবে। উক্ত তারিখের মধ্যে যদি আপনি তা জমা না দেন এবং আপনি যদি ১১শ বা ১২শ গ্রেডের শিক্ষার্থী হন, তাহলে অনুরোধসাপেক্ষে আপনার তথ্য প্রকাশ করব। তা সত্ত্বেও অনুগ্রহ করে জেনে রাখবেন, আপনি যদি বর্তমানে ফরমটি জমা না দেয়ার সিদ্ধান্ত নিয়ে থাকেন, আপনি স্কুলে পড়াকালে **যেকোন সময়** তা জমা দিয়ে নাম না প্রকাশের অনুরোধ জানালে অনুরোধ বিবেচনা করা হবে।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।

বিশ্বস্ততার সাথে,

---

নাম প্রত্যাহার সংক্রান্ত শিক্ষার্থীর ফরম

অনুগ্রহ করে অনুরোধকারী সামরিক নিয়োগদাতা এবং/অথবা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের কাছে আপনার তথ্য- নাম, ঠিকানা এবং ফোন নম্বর প্রকাশের সম্মতি না দিলে নিচের অংশটি পূরণ করুন।

শিক্ষার্থীর শেষ নাম: \_\_\_\_\_

শিক্ষার্থীর প্রথম নাম: \_\_\_\_\_

শিক্ষার্থীর দাপ্তরিক ক্লাস: \_\_\_\_\_

স্কুলের নাম: \_\_\_\_\_

আমার নাম, ঠিকানা এবং ফোন নম্বর চিহ্নিত প্রতিষ্ঠানের কাছে **না** পাঠানর অনুরোধ জানাচ্ছি: (অনুগ্রহ করে প্রযোজ্য ঘরটিকে চিহ্নিত করুন)

\_\_\_\_\_ সামরিক নিয়োগদাতা  
\_\_\_\_\_ উচ্চশিক্ষা প্রতিষ্ঠান  
\_\_\_\_\_ সামরিক নিয়োগদাতা ও উচ্চশিক্ষা প্রতিষ্ঠান উভয়টি

স্বাক্ষর: \_\_\_\_\_ তারিখ: \_\_\_\_\_